

ভর্তি পরীক্ষাও সংক্ষিপ্ত সিলেবাসে চান শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

৯ ফেব্রুয়ারি ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ৮ ফেব্রুয়ারি ২০২৩

১১:১১ পিএম

সর্বোচ্চ প্রযোজনীয়
আমাদের মন্ত্রী

advertisement

মহামারীর মধ্যে সংক্ষিপ্ত সিলেবাসে যেভাবে এইচএসসি পরীক্ষা দিয়েছে শিক্ষার্থীরা, বিশ্ববিদ্যালয়ে ভর্তিতেও তাদের পরীক্ষা তেমন সিলেবাসে নেওয়ার পক্ষে মত জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। এইচএসসির ফল প্রকাশ উপলক্ষে গতকাল বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নে এই মতপ্রকাশ করেন তিনি।

কোভিড মহামারী আর বন্যায় বিলম্বিত শিক্ষাবর্ষ শেষে সংক্ষিপ্ত সিলেবাসে হওয়া এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় পাস করেছে ৮৫ দশমিক ৯৫ শতাংশ শিক্ষার্থী। উত্তীর্ণ এই শিক্ষার্থীরাই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নেবে। সংক্ষিপ্ত সিলেবাসে হওয়ায় এ বছর অনুষ্ঠিত ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের পাঠ্যবইয়ের সব অধ্যায় পড়তে হয়নি। বিষয়, নম্বর ও সময় কমিয়ে নেওয়া হয় পরীক্ষা।

advertisement

বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষাও সংক্ষিপ্ত সিলেবাসেই হবে কিনা- সাংবাদিকদের প্রশ্নে দীপু মনি বলেন, যে সিলাবাসে এইচএসসি বা সমমানের পরীক্ষা হয়েছে, ঠিক সেই সিলেবাসের ওপর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা হওয়া উচিত। সকল বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এই বিষয়টি নিয়ে আলাপ-আলোচনা করেছি। বিশ্ববিদ্যালয় পরিষদের সঙ্গেও আমরা অতিসম্প্রতি আলাপ করেছি।

advertisement 4

বিশ্ববিদ্যালয়গুলোকে গুচ্ছ পদ্ধতিতে আনতে ১০ বছর লাগলেও মাত্র একটি পরীক্ষা নিয়ে ভর্তির জন্য সবগুলো বিশ্ববিদ্যালয়কে আনতে বেশি সময় অপেক্ষা করতে হবে না বলে আশা প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

এখন দেশের অধিকাংশ বিশ্ববিদ্যালয় গুচ্ছ পদ্ধতিতে এলেও পুরনো বিশ্ববিদ্যালয়গুলো এতে আসেনি। এর মধ্যেই একটি পরীক্ষা নিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পন্ন করার আশা করছেন দীপু মনি।

তিনি বলেন, বিশ্বের বিভিন্ন দেশে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের যে পরীক্ষাগুলো হয়, সেগুলো একটা পরীক্ষা হয়। সেখানে হয়তো গণিত, বিজ্ঞান বা ভাষা এই জাতীয় বিষয়গুলো এবং সাধারণ জ্ঞানের ওপর পরীক্ষাগুলো হয় এবং সেই একটি পরীক্ষা দিয়ে জাতীয় একটা তালিকা তৈরি হয় এবং তার ওপর ভিত্তি করে, সেই পরীক্ষার যে স্কোর, সেই স্কোরের ভিত্তিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। এতে ইংরেজি মাধ্যমে যারা পড়ছে, তাদেরও ভর্তির সুযোগ হওয়ার কথা বলেন শিক্ষামন্ত্রী। এ সময় শিক্ষার্থী ও অভিভাবকদের কারিগরি শিক্ষায় আগ্রহী হওয়ার পরামর্শ দেন শিক্ষামন্ত্রী।

